





প্রথম নজর

সৌদিতে এক হাজার নার্স নিয়োগ, বেতন দেড় লাখ



আপনজন ডেস্ক: চলতি বছর শত শত বিদেশি নার্স নিয়োগ দেবে সৌদি আরব। মাসে ৫ হাজার ২৫০ রিয়াল (ভারতীয় মুদ্রায় দেড় লাখ টাকার বেশি) গড়ে তারা বেতন পাবেন।

এবার ফিলিস্তিনিদের কবরস্থানেও বোমা নিক্ষেপ করল ইসরায়েল



আপনজন ডেস্ক: ফিলিস্তিনিদের অবরুদ্ধ গাজা উপত্যকার একটি ‘অস্থায়ী কবরস্থানে’ বিমান হামলা চালিয়েছে ইসরায়েলি বাহিনী।

ইসরায়েলি বর্বরতার খবর জানাতে মাইক্রোফোন হাতে ১১ বছরের শিশু!



আপনজন ডেস্ক: ফিলিস্তিনিদের অবরুদ্ধ গাজা ভূখণ্ডে দখলদার ইসরায়েলি বাহিনীর চরম বর্বরতার শিকার হয়ে প্রায় একশ সাংবাদিক নিহত হয়েছেন।

রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়, ফিলিস্তিনিদের অবরুদ্ধ গাজা উপত্যকায় নজিরবিহীন পরিস্থিতিতে মারাত্মক ঝুঁকির মধ্যে কাজ করছেন সাংবাদিকরা।

গাজা পুনর্গঠন নিয়ে ইস্তাখ্বুলে বৈঠক অনুষ্ঠিত



আপনজন ডেস্ক: তুরস্কের ইস্তাখ্বুলে ফিলিস্তিনি পুনর্গঠন নিয়ে আন্তর্জাতিক বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ইস্তারন্যাশনাল অথরিটি ফর আরব কনস্ট্রাকশন ইন প্যালেষ্টাইনের ট্রাস্টি বোর্ডের ১২তম এই অধিবেশনে গাজা উপত্যকার পুনর্গঠন এবং ফিলিস্তিনিদের জরুরি আশ্রয়ণ প্রকল্প নিয়ে জরুরি আলোচনা করা হয়।

ছড়িয়ে-ছিটিয়ে

হাইতিতে কারাগারে হামলা করে ৪ হাজার বন্দিকে মুক্ত করল সশস্ত্র গোষ্ঠী



আপনজন ডেস্ক: ঘটনাটি ক্যারিবীয় অঞ্চলের দেশ হাইতির। দেশটির একটি কারাগারে সশস্ত্র হামলা চালিয়ে প্রায় চার হাজার বন্দি ছিনিয়ে নিয়ে গেছে দুর্বৃত্তরা। এসব কারাবন্দির মধ্যে দেশটির সাবেক প্রেসিডেন্ট জেভেনেল মোয়োসের হত্যাকাণ্ডের সাথে জড়িত গ্যাং সদস্যরাও ছিলেন।

আরব আমিরাতে ঋণ শোধ করে কারাবন্দিদের মুক্ত করছেন যে ব্যবসায়ী



আপনজন ডেস্ক: সংযুক্ত আরব আমিরাতে ঋণ পরিশোধে ব্যর্থ হয়ে কারাগারে বন্দি আছেন অসংখ্য মানুষ। এর মধ্যে ২০১৯ সাল থেকে ১ হাজার ১০০ দিরহামের জন্য একজন, ৫ হাজার ৩০০ দিরহামের জন্য আরেকজন আর ১৫ হাজার দিরহামের উপর একজন জেলের ঘাঁনি টানছেন।

ট্যাংক চাপা দিয়ে ফিলিস্তিনিদের হত্যা করছে ইসরায়েলি সেনারা



আপনজন ডেস্ক: শরীরের ওপর ইচ্ছাকৃতভাবে ট্যাংক তুলে দিয়ে সাধারণ ফিলিস্তিনিদের হত্যা করছে দখলদার ইসরায়েলি সেনারা। এ ধরনের বর্বরোচিত ঘটনায় এখন পর্যন্ত গাজা উপত্যকার কয়েকজন বাসিন্দা নিহত হয়েছেন বলে জানিয়েছে মানবাধিকার সংস্থা ইউরো-মেড হিউম্যান রাইটস মনিটর।

কাতারে পৌঁছল রুশ যুদ্ধজাহাজ



আপনজন ডেস্ক: আন্তর্জাতিক সমুদ্র প্রতিরক্ষা প্রদর্শনী উপলক্ষে মধ্যপ্রাচ্যের দেশ কাতারে পৌঁছেছে রাশিয়ার প্রশান্ত মহাসাগরীয় নৌবহরের ফ্রিগেট মার্শাল শাপোশনিকভ।

সেহেরী ও ইফতারের সময়

Table with 3 columns: Day, Start Time, End Time. Rows for 8, 9, 10, 11, 12 March.

পাকিস্তানে ভূমিধসে ৩৭ জনের মৃত্যু



আপনজন ডেস্ক: পাকিস্তানে গত দুই দিন ধরে ব্যুটির কারণে ভূমিধসে ৩৭ জন নিহত হয়েছে। উত্তর-পশ্চিম খাইবার পাখতুনখাওয়া প্রদেশে ভূমিধসের কারণে অনেক এলাকার রাস্তা বন্ধ হয়ে গিয়েছে।

বুরকিনা ফাসোতে ভয়াবহ জঙ্গি হামলা, ১৭০ জনের শিরশ্ছেদ



এর আগে দেশটিতে জঙ্গিদের হামলার ঝুঁকি বেড়ে যাওয়ার ব্যাপারে সেনাপ্রধান সতর্ক করেছিলেন। তিনি শহরের প্রাণকেন্দ্রসহ বেশকিছু জায়গার হামলার ব্যাপারে সতর্ক করেছিলেন।

ট্রাম্পকে প্রথমবারের মতো হারালেন নিকি হ্যালি



আপনজন ডেস্ক: যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে রিপাবলিকান পার্টির প্রাইমারিতে তোলাল্ড ট্রাম্পকে প্রথমবারের মতো হারিয়েছেন নিকি হ্যালি।

বিশ্বব্যাপী তেল সরবরাহ কমানো অব্যাহত রাখবে সৌদি আরব



আপনজন ডেস্ক: তেলের দাম স্থিতিশীল করার লক্ষ্যে আবার বিশ্বব্যাপী তেল সরবরাহ কমাতে চলেছে সৌদি আরব।





